# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 24-04-2025** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) কাশ্মীরের প্যাহেলগাঁওয়ে পর্যটকদের ওপর বর্বরোচিত হামলার পর ১৯৬০-এর সিন্ধু জল চুক্তি স্থগিত, ওয়াঘা আটারি সীমান্ত বন্ধ সহ একাধিক পদক্ষেপ নিয়েছে ভারত।

নতুন দিল্লীতে আজ সর্বদলীয় বৈঠক ডেকেছে সরকার।

২) পেহেলগাও-তে নিহত পুরুলিয়ার ঝালদার বাসিন্দা মণীশরঞ্জন মিশ্রের দেহ আজ রাঁচী হয়ে এরাজ্যে ফিরছে। নিহত দুই বাঙালী পর্যটকের শেষকৃত্য ইতোমধ্যেই সম্পন্ন।

৩) এসএসসি চাকরীহারা শিক্ষক ও শিক্ষাকর্মীদের ধর্ণা অবস্থান আজ চতুর্থ দিনে পড়লো। জেলায় জেলায় স্কুলগুলিতে পৌঁছে গেছে যোগ্য শিক্ষকদের নতুন নামের তালিকা।

৪) এসএসসি গ্রুপ সি ও গ্রুপ ডি নিয়োগ দুর্নীতি মামলায় অভিযুক্তদের স্থাবর অস্থাবর মিলিয়ে ৫৬ কোটি টাকারও বেশি সম্পত্তি বাজেয়াপ্ত করেছে ইডি।

৫) কলিঙ্গ সুপার কাপ ফুটবলে মহামেডান স্পোর্টিং আজ নর্থ ইস্ট ইউনাইটেড এফসির মুখোমুখি হবে।

---

কাশ্মীরের পেহেলগাঁওয়ে পর্যটকদের ওপর বর্বরোচিত হামলার পর ১৯৬০-এর সিন্ধু জল চুক্তি স্থগিত, ওয়াঘা আটারি সীমান্ত বন্ধ সহ একাধিক কড়া পদক্ষেপ নিয়েছে ভারত। নতুন দিল্লীতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বাসভবনে গত সন্ধ্যায় নিরপাত্তা বিষয়ক ক্যাবিনেট কমটির সিসিএস-এর বৈঠকের পর সাংবাদিকদের বিদেশ সচিব বিক্রম মিশ্রি জানান, পাকিস্তানিদের জন্য সমস্ত সার্ক ভিসা বাতিল করা হয়েছে। যারা ঐ ভিসার মাধ্যমে ভারতে রয়েছেন, তাদের ৪৮ ঘন্টার মধ্যে দেশ ছাড়তে হবে। নতুন দিল্লীতে পাকিস্তানি দূতাবাসে থাকা প্রতিরক্ষা সংক্রান্ত আধিকারিকদের ৭ দিনের মধ্যে দেশ ছাড়তে বলা হয়েছে। ইসলামাবাদে ভারতীয় হাই কমিশনে থাকা ৫৫ জন সদস্যের মধ্যে ২৫ জনকে ফিরিয়ে আনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

প্যাহেলগাঁওয়ে জঙ্গীহানার প্রেক্ষিতে পরিস্থিতি পর্যালোচনায় কেন্দ্রীয় সরকার নতুন দিল্লীতে আজ সর্বদলীয় বৈঠক ডেকেছে। সংসদ ভবনে সন্ধ্যা ৬ টায় এই বৈঠক বসবে।

-------------------

সন্ত্রাসবাদীদের কোনো জাতি বা ধর্ম হয় না বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি মন্তব্য করেছেন। পেহেলগাঁও-য়ে জঙ্গি হানার কড়া নিন্দা করে গতকাল সাংবাদিকদের তিনি বলেন, কাশ্মীরে আটকে পড়া রাজ্যের বাসিন্দাদের দ্রুত ফিরিয়ে আনার ব্যবস্থা করা হচ্ছে। দীর্ঘক্ষণ ধরে হামলা চললেও নিরাপত্তা বাহিনী তা জানতে পারলো না কেন সেই প্রশ্ন তোলেন তিনি।

(বাইট)

এদিকে, মুর্শিদাবাদে সাম্প্রতিক পরিস্থিতি ও কাশ্মীর হামলার আবহে মন্ত্রীদের কোনোরকম অযাচিত মন্তব্য করা থেকে বিরত থাকতে মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছেন। আইনশৃঙ্খলা রক্ষার স্বার্থেই তাঁর এই সতর্কবানী বলে প্রশাসনিক সূত্রে খবর।

--------------------

পেহেলগাও-তে নিহত পুরুলিয়ার ঝালদার বাসিন্দা, স্বরাষ্ট্রমন্ত্রকের অধীন গোয়েন্দা বিভাগের আধিকারিক মণীশরঞ্জন মিশ্রের দেহ আজ রাঁচী হয়ে রাজ্যে ফিরছে। নিহত দুই বাঙালি পর্যটকের দেহ গতকালই কলকাতা এসে পৌঁছয়। সন্ধ্যে ৭টার পর বেহালার সখেরবাজারের বাসিন্দা সমীর গুহ এবং বৈষ্ণবঘাটা পাটুলির বাসিন্দা বিতান অধিকারীর দেহ নিয়ে বিশেষ উড়ান, দমদম বিমান বন্দরে অবতরন করে। রাজ্যের মন্ত্রী অরুপ বিশ্বাস বিমানবন্দরে যান। উপস্থিত ছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, বিজেপি সাংসদ অভিজিৎ গঙ্গোপাধ্যায় সহ বিজেপি পরিষদীয় দলের কয়েকজন সদস্য। কফিনবন্দী দেহ বাড়িতে পৌঁছতেই কান্নায় ভেঙ্গে পড়েন পরিবারের সদস্যরা। গতরাতেই দুজনের শেষকৃত্য সম্পন্ন হয়েছে।

--------------------

কাশ্মীরে জঙ্গি হানায় পর্যটকদের মৃত্যুর ঘটনার প্রতিবাদে যুব তৃণমূল কংগ্রেস আজ জেলায় জেলায় মৌন মিছিল করবে। পাশাপাশি গতসন্ধ্যায় দক্ষিণ কলকাতার গড়ফা থেকে পালবাজার পর্যন্ত মোমবাতি মিছিল করেন যুব তৃণমূল নেত্রী, সাংসদ সায়নী ঘোষ।

পশ্চিম বর্ধমানের রানীগঞ্জে গতকাল জঙ্গী হামলার প্রতিবাদে বিক্ষোভ দেখায় বিজেপির যুব মোর্চা। উত্তর ২৪ পরগণার হাবরা স্টেশন মোড়ে যশোর রোডের ওপর বিজেপির প্রতিবাদ কর্মসূচীর জেরে যানজটের সৃষ্টি হয়।

এই হামলার ঘটনার প্রতিবাদে গতকাল রাজ্য জুড়ে মোমবাতি মিছিল করে প্রদেশ কংগ্রেস।

--------------------

এসএসসি চাকরিহারা শিক্ষক ও শিক্ষাকর্মীদের ধর্না আজ চতুর্থ দিনে পড়লো। জেলায় জেলায় স্কুলে পৌছে গেছে যোগ্য শিক্ষকদের নতুন নামের তালিকা। তাদের বেতন দেওয়ার প্রক্রিয়া শুরু করার জন্য প্রধান শিক্ষকদের নির্দেশ দিয়েছেন স্কুল পরিদর্শকরা। অযোগ্য বলে চিহ্নিত নন এমন ১৫ হাজার ৪০৩ জনের নামের তালিকা জেলা স্কুল পরিদর্শকদের কাছে পাঠিয়েছে শিক্ষা দপ্তর। এর আগে ১৭ হাজার ২০৬ জন শিক্ষক যোগ্য বলে জানিয়েছিলেন শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু। সেখান থেকে আরো ১ হাজার ৮০৩ জনকে বাদ দেওয়া হয়েছে। যদিও নতুন তালিকায় বেশ কিছু যোগ্য শিক্ষকের নাম নেই বলে অভিযোগ উঠেছে। বিষয়টি স্কুল সার্ভিস কমিশনের নজরে আনার কথা জানিয়েছেন চাকরিহারারা। তবে এখনই আন্দোলনের রাস্তা থেকে তারা সরবেন না বলে জানিয়েছেন।

একটি প্রতিবেদন –

--------------------

এবারের স্পটলাইটের বিষয়ঃ- ‘প্রধানমন্ত্রী মুদ্রা যোজনা’র ১০ বছর।

অনুষ্ঠানে অংশ নিচ্ছেন ‘ভারতীয় স্টেট ব্যাঙ্ক’-এর অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার অভিষেক কুমার এবং ম্যানেজার সচেত রায়।

অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গে। সঞ্চালনায় সন্দীপন দাশগুপ্ত।

--------------------

এসএসসি গ্রুপ সি ও গ্রুপ ডি নিয়োগ দুর্নীতি মামলায় অন্যতম অভিযুক্ত প্রসন্ন রায় ও তার সহযোগীদের স্থাবর অস্থাবর মিলিয়ে ৫৬ কোটি টাকারও বেশি সম্পত্তি

বাজেয়াপ্ত করেছে ইডি। এই নিয়ে এখনও পর্যন্ত নিয়োগ দুর্নীতি মামলায় প্রায় ৬১০ কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করা হল। গতকাল এক্স হ্যান্ডেলে ইডি জানিয়েছে, নামে বেনামে এই সব সম্পত্তি কেনা হয়েছিল। এর মধ্যে রয়েছে জমি, ফ্ল্যাট, ভিলা, ব্যবসায়িক প্রতিষ্ঠান ইত্যাদি।

উল্লেখ্য প্রসন্ন রায় বর্তমানে জামিনে মুক্ত।

-------------------

আর জি করে তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় কলকাতা পুলিশের কেস ডাইরি, সাক্ষীদের তালিকা, ইনকোয়েস্ট ও ময়নাতদন্ত রিপোর্ট গতকাল বিচারপতি তীর্থঙ্কর ঘোষের কাছে জমা পড়েছে। ঘটনার পুনরায় তদন্তের আবেদন জানিয়েছেন অভয়ার পরিবার। সেই মামলার শুনানীতে সিবিআইয়ের তরফে ডেপুটি সলিসিটর জেনারেল রাজদীপ মজুমদার এই রিপোর্ট পেশ করেন। ২৯শে এপ্রিল মামলার পরবর্তী শুনানি। সিবিআই-এর তদন্তে একাধিক অসঙ্গতি রয়েছে বলে দাবি করেছেন নির্যাতিতার বাবা।

(বাইট)

-------------------

পশ্চিম মেদিনীপুরের গোয়ালতোড়ে আরো একশ মেগাওয়াট সৌর বিদ্যুৎ কেন্দ্র তৈরির সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। মন্ত্রিসভার বৈঠকের পর গতকাল রাজ্যের মন্ত্রী মানস ভুঁইয়া বলেন, পরিবেশ বান্ধব বিদ্যুৎ উৎপাদনে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। এই প্রকল্পের জন্য মোট খরচ ধরা হয়েছে ৬৮০ কোটি টাকা। এর ৩০ শতাংশ অর্থাত্ ২০৫ কোটি টাকা ব্যয় করবে রাজ্য সরকার। বাকি অর্থের যোগান দেবে একটি জার্মান সংস্থা।

আগামী ৩০শে এপ্রিল দীঘায় জগন্নাথ মন্দিরের উদ্বোধনী অনুষ্ঠানকে তেন্দ্র করে ১০০-র বেশি সিভিক ভলান্টিয়ার নিয়োগের সিদ্ধান্তও মন্ত্রিসভার বৈঠকে গৃহীত হয়েছে।

--------------------

যুব কংগ্রেস নেতা আজহার মল্লিক তৃণমূল কংগ্রেসে যোগ দিয়েছেন। তৃণমূল ভবনে গতকাল তাঁর হাতে দলীয় পতাকা তুলে দেন মন্ত্রী অরূপ বিশ্বাস। আজহার জানান, বিজেপির বিরুদ্ধে লড়াইয়ে সামিল হতেই তিনি তৃণমূল কংগ্রেসে যোগ দিয়েছেন।

পাশাপাশি রাজ্যের ছয় জেলার যুব কংগ্রেস সভাপতিও শাসক দলে যোগ দিয়েছেন বলে অরূপ বিশ্বাস জানিয়েছেন।

--------------------

উত্তর ও উত্তর পশ্চিম দিক থেকে আসা শুষ্ক বায়ুর প্রভাবে দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ এলাকা জুড়ে আগামী কয়েকদিন তাপপ্রবাহ ও অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে। আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত আকাশবাণীকে জানিয়েছেন, পশ্চিমের জেলা গুলিতে আজ কমলা সতর্কতা জারি থাকছে। তাপমাত্রার পারদ আরো দুই থেকে তিন ডিগ্রি বৃদ্ধি পেতে পারে।

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৯ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা দু দশমিক ৮ ডিগ্রি বেশি।

সর্বোচ্চ তাপমাত্রা ৩৯ ডিগ্রি সেলসিয়াসের আশেপাশে থাকার সম্ভাবনা।

এদিকে, তাপমাত্রার ঊর্ধ্বগতির প্রেক্ষিতে চিড়িয়াখানার পশুপাখিদের জন্য নেওয়া হচ্ছে বিশেষ ব্যবস্থা।

(একটি প্রতিবেদন)

--------------------

কলিঙ্গ সুপার কাপ ফুটবলে মহামেডান স্পোর্টিং, আজ রাউন্ড অফ সিক্সটিনের ম্যাচে নর্থ ইস্ট ইউনাইটেড এফ সি, র মুখোমুখি হবে। ভুবনেশ্বরের কলিঙ্গ স্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল সাড়ে চারটেয়।

-------------------- --------------------